

প্রথম মন্ত্রীপর্যায়ের ভারত-মার্কিন কৌশলগত ও বাণিজ্যিক বৈঠক

ভারত মার্কিন কৌশলগত ও বাণিজ্যিক (এস ও সিডি) বিষয়ে আলোচনার জন্য মন্ত্রী পর্যায়ের বৈঠক অনুষ্ঠিত হবে ২২ সেপ্টেম্বর, ২০১৫ ওয়াশিংটন ডিসিতে। দ্বি-পাক্ষিক বিভিন্ন বিষয়ে পূর্ণ সহযোগিতা নিয়ে আলোচনা ও বিবেচনার ক্ষেত্রে এই বৈঠক সর্বাপেক্ষা সামগ্রিক।

ভারত এবং মার্কিন যুক্তরাষ্ট্রের মধ্যে মন্ত্রীপর্যায়ের কৌশলগত বৈঠকের সূচনা হয় জুলাই ২০০৯-এ। প্রথম বৈঠক অনুষ্ঠিত হয়েছিল ওয়াশিংটন ডিসিতে, জুন ২০১০-এ। পরবর্তীতে পর্যায়ক্রমে বৈঠক হয় নয়াদিল্লি (জুলাই, ২০১১), ওয়াশিংটন ডিসি (জুন ২০১২) এবং নয়াদিল্লি (জুন ২০১৩ এবং জুলাই ২০১৪)।

এই ভারত-মার্কিন কৌশলগত বৈঠককে, কৌশলগত এবং বাণিজ্যিক স্তরে উন্নীত করার সিদ্ধান্ত গৃহীত হয়েছিল ২০১৫-এর জানুয়ারি মাসে, মার্কিন প্রেসিডেন্ট বারাক ওবামার সময়।

এস এবং সিডি-তে ভারতীয় প্রতিনিধি দলের নেতৃত্ব দেবেন পররাষ্ট্রমন্ত্রী সুষমা স্বরাজ। প্রতিনিধি দলে থাকবেন বাণিজ্য ও শিল্প এবং অর্থমন্ত্রকের প্রতিমন্ত্রী (স্বাধীন দায়িত্বপ্রাপ্ত) নির্মলা সীতারমণ, শক্তি, কয়লা এবং নতুন ও পুনর্নবীকরণযোগ্য জ্বালানি সম্পদের প্রতিমন্ত্রী (স্বাধীন দায়িত্বপ্রাপ্ত) পীযুষ গোয়েল। এছাড়াও এস ও সিডিতে ভারতীয় প্রতিনিধি দলে থাকবেন ভারত সরকারের বিভিন্ন মন্ত্রক বা দফতরের শীর্ষ আধিকারিকরা।

মার্কিন প্রতিনিধি দলে মার্কিন পররাষ্ট্র সচিব জন কেরি, বাণিজ্য সচিব পেনি প্রিটজকার, শক্তি সচিব আর্নেস্ট মোরিজ। তাঁদের সঙ্গে থাকবেন উচ্চ পর্যায়ের একটি প্রতিনিধি দলও।

এস এবং সিডি চলাকালীন দু'পক্ষের মধ্যে বিভিন্ন দ্বিপাক্ষিক, আঞ্চলিক ও যৌথ স্বার্থসম্বলিত বিশ্বব্যাপী বিষয় নিয়ে আলোচনা হবে। ভারত এবং আমেরিকার দ্বিপাক্ষিক সম্পর্ক সংক্রান্ত পূর্ণাঙ্গ বিষয়টি এস এবং সিডি পর্যালোচনা করবে এবং কৌশলগত, প্রতিরক্ষা ও নিরাপত্তা, বিদ্যুৎ শক্তি ও পরিবেশ, বিজ্ঞান-প্রযুক্তি ও মহাকাশ বিদ্যা, স্বাস্থ্য ও শিক্ষা ও মানব উন্নয়ন, তৃতীয় বিশ্বের দেশগুলির যোগদান, অর্থনীতি ও আর্থিক রাজস্ব সংক্রান্ত বিষয় এবং বাণিজ্য ও বিনিয়োগের ক্ষেত্রে ভবিষ্যত ক্ষেত্রগুলি চিহ্নিত করবে।

নিম্নলিখিত দ্বিপাক্ষিক বিষয়ে আলোচনাও এস এবং সিডি-র পাশাপাশি অনুষ্ঠিত হবে।

ভারত-মার্কিন শক্তি সংক্রান্ত বিষয়ে সরকারি স্তরে সহকারি-দলের বৈঠক (সেপ্টেম্বর ১৭-১৮, ২০১৫)।

ভারত-মার্কিন স্বাস্থ্য সংক্রান্ত বিষয়ে সচিব স্তরে বৈঠক (সেপ্টেম্বর ১৭-১৮, ২০১৫)

ভারত-মার্কিন বিদ্যুৎ শক্তি বিষয়ে মন্ত্রী স্তরে বৈঠক (সেপ্টেম্বর ২১, ২০১৫)

ভারত-মার্কিন সিইও ফোরাম (সেপ্টেম্বর ২১, ২০১৫)

ভারত-মার্কিন যৌথ ওয়ার্কিং গ্রুপের সচিব স্তরে বৈঠক জলবায়ু পরিবর্তন বিষয়ে (সেপ্টেম্বর ২১, ২০১৫)

নয়াদিল্লি

সেপ্টেম্বর ১৮, ২০১৫